

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৪/২২২

তারিখ : ৩০ ডিসেম্বর ২০২৪

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : পোশাক শিল্প কারখানাতে শ্রমিকদের বাৎসরিক ইনক্রিমেন্ট প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৯ ডিসেম্বর, ২০২৪ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে “পোশাক শিল্প সেক্টরে নিম্নতম মজুরি পুনঃ মূল্যায়ন এবং বাৎসরিক ইনক্রিমেন্ট বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে সক্ষমতা ও করণীয় বিষয়ক কমিটির ৫ম সভায় আলোচনা করে বাৎসরিক ইনক্রিমেন্ট প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক ১লা ডিসেম্বর, ২০২৪ থেকে শ্রমিকদের বাৎসরিক ইনক্রিমেন্ট প্রদান করতে হবে।

উক্ত সিদ্ধান্তের সার-সংক্ষেপ নিম্নরূপঃ

- (১) ১লা ডিসেম্বর, ২০২৪ তারিখে যেসকল শ্রমিক বার্ষিক ইনক্রিমেন্ট পাওয়ার যোগ্য তাদের সকলকে বিদ্যমান বিধান মোতাবেক মূল মজুরির ৫% এবং এর অতিরিক্ত ত্রিপক্ষীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক মূল মজুরির ৪% অর্থাৎ সর্বমোট ৯% হারে ইনক্রিমেন্ট প্রদান করতে হবে।
- (২) যেসকল শ্রমিকের বার্ষিক ইনক্রিমেন্ট ডিসেম্বর, ২০২৪ মাস পরবর্তী অন্য কোন মাসে পাওয়ার যোগ্য হবে তাদের সংশ্লিষ্ট মাসে একই হারে মূল মজুরির ৫% এবং এর অতিরিক্ত ত্রিপক্ষীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক মূল মজুরির ৪% অর্থাৎ সর্বমোট ৯% হারে ইনক্রিমেন্ট প্রদান করতে হবে।

উল্লেখ্য যে, শ্রমিকের চাকরির বছর পূর্তিতেই বাৎসরিক ইনক্রিমেন্ট দেয়ার বিধান রয়েছে (শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মজুরি বোর্ড শাখা কর্তৃক জারীকৃত গেজেট প্রজ্ঞাপন নং- ৪০.০০.০০০০.০১৬.৩২.০২১.১৩.৩০, তারিখ- ১৮ ডিসেম্বর, ২০২৩ এর শর্তাবলীর ১৪ নং শর্ত মোতাবেক)।


প্রকাশ থাকে যে, ত্রিপক্ষীয় সিদ্ধান্তের বিধান বাৎসরিক ইনক্রিমেন্ট হিসেবে প্রদেয়, মজুরি বৃদ্ধি সংক্রান্ত নয়।

অতএব, ত্রিপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক আপনার কারখানার শ্রমিকদের বাৎসরিক ইনক্রিমেন্ট প্রদান করতঃ মালিক-শ্রমিক সুসম্পর্ক বজায় রেখে কারখানা পরিচালনা করতে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান

মহা সচিব

 ৩০/১২/২০২৪